

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি  
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.১৪.০১৬.০৯-

৬৪৬৩

তারিখঃ ২২/৫/২০২৩ খ্রিঃ।

বিষয় : "Contract Management System (CMS)" এর সাথে "Grameen Pani" Apps এবং Total Information Management System (TIMS) সফটওয়্যারের integration করা প্রসঙ্গে।

সূত্র : অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ) এর কার্যালয়ের স্মারক নং- ২১৮, তারিখঃ ২১/০৫/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রস্তুতকৃত কেন্দ্রীয় সফটওয়্যার Contract Management System (CMS), "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত সফটওয়্যার "Grameen Pani" apps এবং চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রস্তুতকৃত Total Information Management System (TIMS) সফটওয়্যারে ক্রয় সংক্রান্ত একই ধরনের তথ্য আপলোড করা হয় ফলে একই তথ্য প্রতিটি সফটওয়্যারে ভিন্ন ভিন্ন সময়ে input দিতে হয় যা সময়সাপেক্ষ। বিধায় কেন্দ্রীয় সফটওয়্যার (CMS) এর সাথে "Grameen Pani" apps এবং TIMS সফটওয়্যার integration করা হলে Double entry জনিত সমস্যা নিরসন হবে এবং কম সময়ে ক্রয় সংক্রান্ত তথ্য আপলোড করা যাবে যা অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করবে।

এমতাবস্থায়, CMS সফটওয়্যারের সাথে "Grameen Pani" Apps এবং TIMS সফটওয়্যার অতি দ্রুততার সাথে integration এর জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আপনাকে অনুমতি প্রদান করা হলো:

**শর্ত সমূহ:**

১. "Contract Management System" এ আপলোডকৃত ডাটার সকল ধরনের Security নিশ্চিত করতে হবে।
২. প্রকল্পের আওতাধীন প্যাকেজ সমূহের ভুল তথ্য আপলোডের ফলে ক্রয় সংক্রান্ত তথ্য ব্যবহারে যেন জটিলতা সৃষ্টি না হয় সেবিষয়ে সচেতন থাকতে হবে।
৩. ডাটা integration এ কোন সমস্যা প্রতীয়মান হলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।
৪. CMS এ আপলোডকৃত কোন তথ্য সংশোধনের প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

জনাব মোঃ মমিনুল ইসলাম

Managing Director

Tiger Park Limited

২/১৬ পল্লবী, মিরপুর, ঢাকা-১৬১৬।


স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.১৪.০১৬.০৯-


৬৪৬৩/২ (৬)

তারিখঃ ২২/৫/২০২৩ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।
- ৩। ফোকাল পয়েন্ট, প্রাথমিক শিক্ষা ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। আহ্বায়ক, প্রকিউরমেন্ট সেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। [সংশ্লিষ্ট ফার্মের সাথে বিষয়টি মনিটরিং এর জন্য আপনাকে অনুরোধ করা হলো]

  
(মোঃ সরোয়ার হোসেন)  
প্রধান প্রকৌশলী

  
(মোঃ সরোয়ার হোসেন)  
প্রধান প্রকৌশলী